



হাসিনা পারভিন কেয়া  
আড়াইহাজারের শ্রেষ্ঠ  
প্রধান শিক্ষক

■ আড়াইহাজার (নারায়ণগঞ্জ) সংবাদদাতা  
২০১৮ জাতীয় শিক্ষা সপ্তাহে  
আড়াইহাজারের শ্রেষ্ঠ প্রধান শিক্ষক  
নির্বাচিত হয়েছেন হাসিনা পারভিন  
কেয়া। তিনি আড়াইহাজার  
উপজেলার উচ্চপুরা ইউনিয়নে  
অবস্থিত আতাদী উচ্চ বিদ্যালয়ের  
প্রতিষ্ঠাতা প্রধান শিক্ষক। তিনি  
দক্ষিণপাড়া গ্রামের বীর মুক্তিযোদ্ধা  
মতিউর রহমানের মেয়ে। তার  
স্বামীর নাম আঃ হাফিজ মোল্লা। তার  
এই সাফল্যে তাকে অভিনন্দন  
জানিয়েছেন স্থানীয় সংসদ সদস্য  
আলহাজ্ব নজরুল ইসলাম বাবু।  
আড়াইহাজারের মাজাসায় বাল্য বিবাহ  
প্রতিরোধে মত বিনিময় সভা  
আড়াইহাজারের কড়ইতলা রওয়াজল  
মুন্সাকিন দাখিল মাদরাসার দাখিল  
পরীক্ষার্থীদের বিদায় সংবর্ধনা ও বাল্য  
বিবাহ প্রতিরোধে মত বিনিময় সভা  
গতকাল সোমবার সকালে মাদরাসা  
মাঠে অনুষ্ঠিত হয়। মাদরাসার  
সভাপতি পীরজাদা এমদাদুল্লাহর  
শাল্লীর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান  
অতিথি ছিলেন আড়াইহাজার উপজেলা  
মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা এস এম আবু  
তালেব। বিশেষ অতিথি ছিলেন  
আড়াইহাজার প্রেসক্লাব সভাপতি মাসুম  
বিলাহ, মাদরাসার ভারপ্রাপ্ত সুপার  
রফিকুল ইসলাম, শিক্ষক রেজাউল  
করিম, মনির হোসেন প্রমুখ। সভায়  
প্রধান অতিথি বলেন, বাল্য বিবাহ বন্ধে  
সবাইকে এগিয়ে আসতে হবে। যদি  
অভিভাবকরা বাল্য বিবাহ দিতে চায়  
তাহলে প্রশাসনকে জানাতে হবে।